NYC পাবলিক স্কুলস্-এ কী ঘটছে

Shiko këtë dokument në shqip | عرض هذه الوثيقة باللغة العربية | এই নথিটি বাংলা ভাষায় দেখুন
查看本文件的简体中文版本 | 查看本文件的繁體中文版本 | Consultez ce document en français | Gade dokiman sa a an Kreyòl ayisyen
이 문서를 한국어로 보십시오 | Документ на русском языке | Consulte este documento en español
Переглянути цей документ українською мовою | اس دستاویز کو اردو میں ملاحظہ کریں | Ushbu hujjatni ichida ko‘ring O‘zbek

schools.nyc.gov/MessagesForFamilies

নভেম্বর 2026

NYC পাবলিক স্কুলস্-এর (NYCPS) এই সর্বসাম্প্রতিক তথ্যে রয়েছে আসন্ন গুরুত্বপূর্ণ তারিখসমূহ সম্পর্কে তথ্য, এতে অন্তর্ভুক্ত ইলেকশন বা নির্বাচনের দিনে দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং), আসন্ন প্যারেন্ট-টিচার কনফারেন্স, মিডল্ ও হাই স্কুলের ভর্তি প্রক্রিয়ার শেষ তারিখ, 2027-এর হেমন্তের (ফল) জন্য কিন্ডারগার্টেনে ভর্তি প্রক্রিয়া, এবং পরিবারদের জন্য বিনা খরচে প্রযুক্তিগত সংস্থান।

বিষয়সূচি

- আসন্ন গুরুত্বপূর্ণ তারিখসমূহ
- ইলেকশন বা নির্বাচনের দিনে রিমোট লার্নিং
- নভেম্বরের প্যারেন্ট-টিচার কনফারেন্সের জন্য প্রস্তুত হোন
- আসন্ন মিডল্ এবং স্কুল হাই স্কুলের ভর্তি প্রক্রিয়ার সময়সীমা
- হেমন্ত 2027-এর কিন্ডারগার্টেনে ভর্তি প্রক্রিয়া
- পরিবারদের জন্য বিনা খরচে প্রযুক্তিগত সংস্থান

আসন্ন গুরুত্বপূর্ণ তারিখসমূহ

- **3 নভেম্বর:** ইলেকশন ডে (নির্বাচনের দিন), সকল শিক্ষার্থীর জন্য স্কুল দূর থেকে বা রিমোটভাবে হবে
- **5 নভেম্বর:** এলিমেন্টারি স্কুলগুলোর জন্য বৈকালিক/সান্ধ্যকালীন প্যারেন্ট-টিচার কনফারেন্স (PTC)*
- **11 নভেম্বর:** ভেটেরান্স ডে, স্কুল ছুটি
- **12 নভেম্বর:** মিডল্ স্কুল এবং D75 স্কুলগুলোর জন্য বৈকালিক/সান্ধ্যকালীন PTC*
- **19 নভেম্বর:** হাই স্কুল, K-12, এবং 6-12 স্কুলগুলোর জন্য সান্ধ্যকালীন PTC
- **20 নভেম্বর:** হাই স্কুল, K-12, এবং 6–12 স্কুলগুলোর জন্য দুপুরের PTC*
  *(শিক্ষার্থীদের তিন ঘণ্টা আগে ছুটি দেয়া হবে)
- **26-27 নভেম্বর:** থ্যাংক্সগিভিংয়ের অবকাশ, স্কুল ছুটি

ইলেকশন বা নির্বাচনের দিনে দূর থেকে শিক্ষার (রিমোট লার্নিং) জন্য প্রস্তুত হোন

মঙ্গলবার, 3 নভেম্বর নির্বাচনের দিনটি সকল শিক্ষার্থীর জন্য স্কুল দিবসটি দূর থেকে বা রিমোটভাবে হবে। দূর থেকে শিক্ষার (রিমোট লার্নিং) দিনের আগে বাড়িতে আপনার সন্তানের একটি কার্যকর, ইন্টারনেট-সংযুক্ত ডিভাইস আছে এবং সে জানে কীভাবে NYCPS স্টুডেন্ট অ্যাকাউন্টে (**schools.nyc.gov/StudentAccounts**) যেতে হয়, তা নিশ্চিত করুন। আপনার সহায়তা প্রয়োজন হলে, **selfservice.schools.nyc** দেখুন অথবা আপনার স্কুলকে জিজ্ঞাসা করুন।

নভেম্বরের প্যারেন্ট-টিচার কনফারেন্সসমূহ

এই বছর প্যারেন্ট-টিচার কনফারেন্সগুলোর (PTC) পরবর্তী দফা **বৃহস্পতিবার, 5 নভেম্বর** শুরু হবে। কী প্রত্যাশা করতে পারেন এবং আপনার সন্তানের সাথে সংযুক্ত হতে কীভাবে এই সুযোগের পূর্ণ সদ্ব্যবহার করতে পারে সেবিষয়ে পরামর্শ ও পথ-নির্দেশনার জন্য **schools.nyc.gov/PTC** দেখুন! দ্রষ্টব্য: স্কুলগুলোর স্বতন্ত্র কনফারেন্সের তারিখ উল্লেখিত তারিখ থেকে ভিন্ন হতে পারে। আপনার কনফারেন্স সময়সূচি করার জন্য আপনার সন্তানের শিক্ষক আপনার সাথে কাজ করবেন।

আসন্ন মিডল্ এবং স্কুল হাই স্কুলের ভর্তি প্রক্রিয়ার সময়সীমা

ডিসেম্বরের শুরুতে ভর্তি বিষয়ক দুইটি গুরুত্বপূর্ণ সময়সীমা আসছে! হাই স্কুলে ভর্তির আবেদন **শুক্রবার, 4 ডিসেম্বর** শেষ হবে এবং মিডল স্কুলে ভর্তির আবেদন **শুক্রবার, 11 ডিসেম্বর** শেষ হবে। অডিশন আবশ্যিক প্রোগ্রামগুলোর জন্য, সেগুলোর আবেদনের শেষ তারিখের মধ্যে আপনাকে অবশ্যই **MySchools.nyc** -এ আপনার অডিশনের উপকরণ জমা দিতে হবে।

প্রতিটি ভর্তি প্রক্রিয়া সম্পর্কিত আরও তথ্যের জন্য **schools.nyc.gov/Admissions** দেখুন।

স্পেশালাইজড হাই স্কুল অ্যাডমিশন টেস্ট (SHSAT)

SHSAT-তে রেজিস্টার করার শেষ তারিখ হলো **30 অক্টোবর**। অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে আবারও এই বছরের পরীক্ষা একটি ডিজিটাল ফর্ম্যাট বা কাঠামোতে পরিচালিত হবে। আপনি নভেম্বরে পরীক্ষার সুনির্দিষ্ট তারিখ সহ আপনার পরীক্ষার টিকেট পাবেন, এবং পরীক্ষা মাসের শেষ ভাগে সময়সূচি করা হয়। আরও জানতে এবং অনুশীলনীর উপকরণ পেতে schools.nyc.gov/SHSAT দেখুন।

মার্ক টোয়াইন-ডিস্ট্রিক্ট 21 ট্যালেন্ট টেস্ট

মার্ক টোয়াইন-ডিস্ট্রিক্ট 21 ট্যালেন্ট টেস্টের জন্য রেজিস্টার করার শেষ দিন হলো **2 নভেম্বর**। আপনি ডিসেম্বরে পরীক্ষার সুনির্দিষ্ট তারিখ সহ আপনার পরীক্ষার টিকেট পাবেন, এবং পরীক্ষা জানুয়ারিতে শুরু হবার জন্য সময়সূচি করা হয়। পরীক্ষাটি সম্পর্কে আরও জানতে **schools.nyc.gov/MSAuditions** দেখুন।

কিন্ডারগার্টেনের ভর্তি প্রক্রিয়া 9 ডিসেম্বর শুরু হবে

মঙ্গলবার, 9 ডিসেম্বর থেকে শুরু করে নিউ ইয়র্ক সিটির (NYC) যেসব ছেলেমেয়ে 2022 সালে জন্মগ্রহণ করেছে তারা 2027-এর হেমন্তে (ফল) কিন্ডারগার্টেনে ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারে। আপনি **MySchools.nyc** -এ আপনার সন্তানের আবেদনপত্রে বিভিন্ন গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড (G&T) এবং ডুয়াল ল্যাঙ্গুয়েজ (দ্বৈত ভাষার) প্রোগ্রাম যোগ করতে পারেন; আপনি আবেদন করার পর G&T-এর যোগ্যতা নির্ণয় করা হবে। 2027-এর হেমন্তে (ফল) কিন্ডারগার্টেনে ভর্তির আবেদন গ্রহণ **শুক্রবার, 22 জানুয়ারী, 2027** তারিখ শেষ হবে।

এই বছরের কিন্ডারগার্টেনে ভর্তি প্রক্রিয়া সম্পর্কে আরো জানতে, **schools.nyc.gov/K** দেখুন।

পরিবারদের জন্য বিনা খরচে প্রযুক্তিগত সংস্থান

আপনি জানেন কি? সিটি অফিস অভ টেকনোলজি অ্যান্ড ইনোভেশন বিনা খরচে বিভিন্ন প্রযুক্তিগত সংস্থান প্রদান করে, এতে অন্তর্ভুক্ত বছরজুড়ে শিক্ষার্থী ও পরিবারদের সহায়তা দেয়ার জন্য ওয়াই-ফাই, কম্পিউটার ব্যবহারের সুযোগ, ডিজিটাল দক্ষতা প্রশিক্ষণ, প্রিন্টিং, এবং সফট্ওয়্যার ব্যবহার। আপনার নিকটবর্তী স্থানে এই বিনা খরচের সংস্থানগুলো **nyc.gov/GetOnline** -এ খুঁজুন।
